বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ
www.supremecourt.gov.bd

03 JUN 2024

স্মারক নং:- ৫০৬৪ ফৌ.রেকর্ড. তারিখ:......................

**উইডিংকৃত Part-2 নথি বিক্রয়ের**
**নিলাম বিজ্ঞপ্তি**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের এ্যানেক্স ভবনের ৪র্থ তলায় ফৌজদারী রেকর্ড শাখায় সংরক্ষিত ০৩ (তিন) বছরের অধিক পুরাতন নিষ্পত্তিকৃত ও উইডিংকৃত ১,৫৪১০০টি মামলার Part-2 নথি, কোর্ট কীপিং শাখার তত্ত্বাবধনে এ্যানেক্স আন্ডার গ্রাউন্ডে স্টোর কক্ষে (কক্ষ নং-০২) সংরক্ষিত হাইকোর্ট বিভাগের পুরাতন কজলিস্ট, রীট রেকর্ড এ্যানেক্স ভবন শাখায় সংরক্ষিত ০৩(তিন) বছরের অধিক পুরাতন ও নিষ্পত্তিকৃত ও উইডিংকৃত রীট পিটিশন মামলা ২০০৯ সাল থেকে ২০১১ সাল (আংশিক) পর্যন্ত মোট ১৩,০০০টি মামলার part-2 নথি, সিভিল রেকর্ড (মূল ভবন) শাখায় সংরক্ষিত ০৩ (তিন) বছরের অধিক পুরাতন ও নিষ্পত্তিকৃত ও উইডিংকৃত রীট পিটিশন মামলা ১৯৯৭ সাল থেকে ২০০০ সাল (আংশিক) পর্যন্ত মোট ২০৫৭০টি মামলার part-2 নথি এবং এস.সি.এ শাখায় সংরক্ষিত ০৫(পাঁচ) বছরের অধিক পুরাতন ও নিষ্পত্তিকৃত ফাইলসমূহ ২০,০০০(বিশ হাজার)টি নথি নিলামে বিক্রয়ের নিমিত্তে সংশ্লিষ্ট ক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে আগামী ১৫/০৭/২০২৪ খ্রি.তারিখ বেলা ০২.০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সামনে প্রশাসন ভবন-২, ৪র্থ তলা, কক্ষ নং ৪০৪ এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। উক্ত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ফৌজদারী রেকর্ড শাখায় যোগাযোগ করে উল্লেখিত সংখ্যক মামলা এবং কজলিষ্ট সরেজমিনে পরিদর্শন করা যাবে।

**শর্তাবলী**

০১। দরপত্রে উইডিংকৃত Part-2 নথি ও কজলিস্টের প্রতি কেজির মূল্য পৃথকভাবে উল্লেখ করতে হবে।
০২। দাখিলকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্সসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।
০৩। আগামী ১৫/০৭/২০২৪ খ্রিঃ তারিখ দরপত্র দাখিলকারীদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।
০৪। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ও যুক্তিযুক্ত দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। উপরে বর্ণিত উইডিংকৃত Part-2 নথি এবং কজলিস্ট Digital Weight Machine দিয়ে ওজন করতঃ ওজন মাফিক সমুদয় মূল্য বাবদ নগদ অর্থ নিলাম কমিটির সভাপতির নিকট তৎক্ষণাৎ পরিশোধ করতে হবে এবং সম্পূর্ণ টাকা পরিশোধ সাপেক্ষে গেইট পাশ সংগ্রহ পূর্বক নির্দিষ্ট তারিখের মধ্যে মালামাল নিজ খরচে ডেলিভারী নিতে হবে। Digital Weight Machine টি মালামাল ডেলিভারীর দিন কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে আনতে হবে।
০৫। নিলাম ও হস্তান্তর পরবর্তী নিলামকৃত মালামালের কোন ত্রুটি ধরা পড়লে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
০৬। জামানত হিসেবে দরপত্রের সাথে ২০,০০০/- (বিশ হাজার টাকা) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার বরাবর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) দাখিল করিতে হইবে। এক্ষেত্রে ব্যাংক চেক/নগদ অর্থ গ্রহণযোগ্য নয়।
০৭। নির্ধারিত তারিখের (অফিস চলাকালীন সময়) মধ্যে উইডিংকৃত Part-2 নথি ও কজলিস্ট ডেলিভারী নিতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।
০৮। অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহারকৃত দরপত্র এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন দরপত্র গ্রহণযোগ্য নহে।
০৯। নিলামে বিক্রয়কৃত মালামাল নিলাম কমিটির উপস্থিতিতে নিলাম পরবর্তী মণ্ড তৈরি করার শর্তে বিক্রয় করা হবে।
১০। কর্তৃপক্ষ সর্বোচ্চ দরপত্র গ্রহণে বাধ্য নহে এবং সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১১। অত্র মালামাল সংক্রান্ত কারো কোন আপত্তি আছে কিনা তৎমর্মে বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে নোটিশ প্রকাশের ১৪(চৌদ্দ) দিন পর বিক্রয় করা হবে।

03.06.24
শেখ ইকরামূল হক
ডেপুটি রেজিস্ট্রার (অনুলিপি ও মহাফেজ)
সভাপতি
টেন্ডার কমিটি
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।

E:\before 28.09.2022\Rasel H.C\Dilruba Sharmin\VARIOUS NOTE (2022).docx

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ
www.supremecourt.gov.bd

স্মারক নং ৫১৬৮ (৮) ফৌ.রেকর্ড. তারিখ: ০৩। ০৬।২০২৪

প্রাপক,

০১। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার
আজকের পত্রিকা
ব্লক-সি, হাউজ-৮, রোড-২,
রামপুরা, বনশ্রী, ঢাকা-১২১৯

০২। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার
Dhaka Tribune
৮/সি, এফ, আর টাওয়ার
পান্থপথ, শুক্রাবাদ, ঢাকা-১২০৭

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ফৌজদারী রেকর্ড শাখায় উইডিংকৃত ১,৫৪,১০০ টি নথির Part-2 কোর্ট কীপিং শাখার তত্ত্বাবধনে এ্যানেক্স আন্ডার গাউন্ডে স্টোর কক্ষে (কক্ষ নং-০২) সংরক্ষিত হাইকোর্ট বিভাগের পুরাতন কজলিস্ট, রীট রেকর্ড এ্যানেক্স ভবন শাখায় সংরক্ষিত ০৩(তিন) বছরের অধিক পুরাতন ও নিস্পত্তিকৃত ও উইডিংকৃত রীট পিটিশন মামলা ২০০৯ সাল থেকে ২০১১ সাল (আংশিক) পর্যন্ত মোট ১৩,০০০টি মামলার part-2 নথি, সিভিল রেকর্ড (মূল ভবন) শাখায় সংরক্ষিত ০৩ (তিন) বছরেরঅধিক পুরাতন ও নিস্পত্তিকৃত ও উইডিংকৃত রীট পিটিশন মামলা ১৯৯৭ সাল থেকে ২০০০ সাল (আংশিক) পর্যন্ত মোট ২০৫৭০টি মামলার part-2 নথি এবং এস.সি.এ শাখায় সংরক্ষিত ০৫(পাঁচ) বছরের অধিক পুরাতন ও নিস্পত্তিকৃত ফাইলসমূহ ২০,০০০(বিশ হাজার)টি নথি নিলামে বিক্রয়ের নিমিত্তে সংশ্লিষ্ট ক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে আগামী ১৫/০৭/২০২৪ খ্রি.তারিখ বেলা ০২.০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সামনে প্রশাসন ভবন-২, ৪র্থ তলা, কক্ষ নং ৪০৪ এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। উক্ত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উল্লেখিত সংখ্যক মামলা এবং কজলিষ্ট নিলামে বিক্রয় প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে এতদসঙ্গে প্রেরিত বিজ্ঞাপনটি তাহার পত্রিকায় ভিতরের পাতায় বিজ্ঞাপনের শিরোনামের সাদাকালো রঙে ফ্রন্ট সাইজ ১৪ (চৌদ্দ) বডিসাইজ ০৯ (নয়) ব্যবহার পূর্বক সামাঞ্জস্যপূর্ণ আকারে একদিনের জন্য ছাপানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ প্রকাশিত বিজ্ঞপ্তির ০২ (দুই) কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হইল।

সংযুক্তি: বিজ্ঞপ্তি-০২ (দুই) কপি।

স্বা:
শেখ ইকরামুল হক
ডেপুটি রেজিস্ট্রার (অনুলিপি ও মহাফেজ)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।

**অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
২। বিজ্ঞ রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৩। অতিরিক্ত রেজিস্ট্রার (সার্বিক), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৪। সিস্টেম এ্যানালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)।

03.06.2024
(মোহাম্মদ ইব্রাহীম খলিল)
সহকারী রেজিস্ট্রার (দেওয়ানী-২)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ।

E:\before 28.09.2022\Rasel H.C\Dilruba Sharmin\VARIOUS NOTE (2022).docx